

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭.১৪৪

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮
২৭ মে ২০২১


বিষয় : সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান পূর্বের ধারাবাহিকতায় আগামী ১২ জুন ২০২১ তারিখ পর্যন্ত বন্ধ বর্ধিতকরণ এবং ১৩ জুন ২০২১ তারিখ হতে খোলা রাখা প্রসঙ্গে।

করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকা সাপেক্ষে আগামী ১৩ জুন ২০২১ তারিখ হতে এ বিভাগের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলা এবং শিক্ষা কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। একইসাথে, করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে পূর্বের বন্ধের ধারাবাহিকতায় আগামী ১২ জুন ২০২১ তারিখ পর্যন্ত এ বিভাগের আওতাধীন সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। এ সময়ে নিজেদের এবং অন্যদের করোনা ভাইরাসের সংক্রমণ থেকে সুরক্ষার লক্ষ্যে শিক্ষার্থীগণ নিজ নিজ বাসস্থানে অবস্থান করবেন এবং টেলিভিশন ও অনলাইন শিক্ষা কার্যক্রমের সাথে সংযুক্ত থাকবেন।

০৩। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধকালীন শিক্ষার্থীদের বাসস্থানে অবস্থানের বিষয়টি অভিভাবকবৃন্দ নিশ্চিত করবেন এবং স্থানীয় প্রশাসন তা নিবিড়ভাবে পরিবীক্ষণ করবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(মোঃ নূরুল ইসলাম)
উপসচিব

ফোন : ৯৫৪৯১৩০

ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) কমিশনার বিভাগ (সকল)।
- ৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক (সকল)।
- ৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৭) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)।
- ৮) জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

চলমান পাতা-০২


পাতা-০২

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭.১৪৪

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮
২৭ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৬) সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) অতিরিক্ত সচিব-এর ব্যক্তিগত কর্মকর্তা (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


মোঃ নজরুল ইসলাম
উপসচিব